৬.২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
সংস্কার শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mora.gov.bd

নম্বর - ১৬.০০.০০০০.০০১.৩১.০০১.১৭.৬৫

তারিখ: ১২ ফাল্গুন, ১৪২৬ / ২৫ ফেব্রুয়ারী, ২০২০

## সভার নোটিশ

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০১৯-২০ এর ৬.২ অনুচ্ছেদ মোতাবেক উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন মূল্যায়ন সভা আগামী ২৭/০২/২০২০ খ্রি. তারিখ বৃহস্পতিবার এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও চীফ ইনোভেশন অফিসার ড. মোয়াজ্জেম হোসেন এর সভাপতিত্বে মন্ত্রণালয়ের সভাকক্ষে (কক্ষ নং-১৫১৫, ভবন নং-৬) অনুষ্ঠিত হবে।

০২। উক্ত সভায় ইনোভেশন টিমের সকল সদস্যকে যথাসময়ে সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৫/০২/২০২০
(মহঃ আব্দুর রশিদ মোল্লাহ)
সহকারী সচিব
ফোন: ৯৫৪০১৬৪

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. উপসচিব (উন্নয়ন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. উপসচিব (সমন্বয় ও সংস্কার), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিস্টেমস এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. প্রোগ্রামার, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নম্বর - ১৬.০০.০০০০.০০১.৩১.০০১.১৭.৬৫

তারিখ: ১২ ফাল্গুন, ১৪২৬ / ২৫ ফেব্রুয়ারী, ২০২০

অনুলিপিঃ সদয় অবগতির জন্য

১. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অফিস কপি/মাস্টার ফাইল।

২৫/০২/২০২০
(মহঃ আব্দুর রশিদ মোল্লাহ)
সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
সংস্কার শাখা।
www.mora.gov.bd

বিষয়ঃ **বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০১৯-২০ এর উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন মূল্যায়ন সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : ড. মোয়াজ্জেম হোসেন, অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও চীফ ইনোভেশন অফিসার, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | : ২৭/০২/২০২০ খ্রি., সকাল ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের অফিস কক্ষ। |
| উপস্থিত কর্মকর্তাবৃন্দ | : পরিশিষ্ট-ক (সংযুক্ত) |

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এর ৪ (চার) টি উদ্ভাবনী উদ্যোগের বিষয়ে আলোচনা করা হয়। আলোচনা এবং সিদ্ধান্ত নিম্নরূপঃ

| ক্রম | কার্যক্রম | আলোচনা/ বাস্তবায়ন | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১. | Makkah Route Initiative | সৌদি আরবের বিমানবন্দরে বাংলাদেশী হজযাত্রীদের ইমিগ্রেশন এর জন্য ঘণ্টার পর ঘণ্টা অপেক্ষা করতে হয় যার কারণে হজযাত্রীরা অনেক কষ্ট ও দুর্ভোগের শিকার হন। হজযাত্রীদের অপেক্ষার সময় ও কষ্ট কমিয়ে আনার লক্ষ্যে বাংলাদেশি হজযাত্রীদের সৌদি আরব অংশের ইমিগ্রেশন জেদ্দা/মদিনার পরিবর্তে ঢাকায় সম্পন্ন করার কার্যক্রম হচ্ছে Makkah Route Initiative । এ প্রক্রিয়ার মাধ্যমে হজযাত্রীদের লাগেজ ঢাকা এয়ারপোর্ট থেকে সরাসরি হজযাত্রীর মক্কা/মদিনাস্থ হোটেল/বাড়ীর কক্ষে পৌছিয়ে দেয়া হয়। Route To Makkah Initiative হজ ২০১৯-এ প্রথম বারের মত চালু করা হয় এবং তা সফলভাবে সম্পন্ন হয়েছে। হজের ফ্লাইট চলাকালিন ০৪ জুলাই ২০১৯ থেকে ০৫ আগস্ট ২০১৯ পর্যন্ত Route To Makkah কার্যক্রম বাস্তবায়িত হয়। এর আওতায় মোট ১৪১ টি ফ্লাইটে ৫৫,৮১৩ জন হজযাত্রী প্রি-এরাইভাল ইমেগ্রেশন সম্পন্ন করে। হজ অফিস ঢাকায়, প্রি-এরাইভাল ইমিগ্রেশনের জন্য ১০ | এই উদ্ভাবনী ইনোভশন সংক্রান্ত প্রকাশনায় অন্তভূক্ত করতে হবে এবং একটি Write up প্রস্তুত করতে হবে এছাড়া এ সংক্রান্ত একটি ডকুমেন্টারী প্রস্তুত করতে হবে। এ বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তাকে ডকুমেন্টরী প্রস্তুতের বিষয়ে সহায়তা করার জন্য অনুরোধ করা যেতে পারে। |

| ক্রম | কার্যক্রম | আলোচনা/ বাস্তবায়ন | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| | | আঙ্গুলের ছাপ নেয়া হয়। এরপর হজযাত্রী একটি নির্দিষ্ট রংয়ের স্টিকার তার ব্যাগ, পাসপোর্ট এবং আইডি কার্ডে লাগানো এবং হযরত শাহজালাল আন্তর্জাতিক এয়ারপোর্টে একটি নির্দিষ্ট কাউন্টারে সৌদি পর্বের ইমিগ্রেশন সম্পন্ন করা হয়। এ কারণে হজযাত্রীরা অনেক সহজে কম সময়ে সৌদি পর্বের ইমিগ্রেশন সম্পন্ন করেন যা সুষ্ঠু হজ ব্যবস্থাপনায় একটি বড় ভূমিকা পালন করে। | |
| ২. | ইলেক্ট্রনিক হেলথ্ প্রোফাইল ও ই-হেল্থ সার্টিফিকেট | হজযাত্রীর হজযাত্রার পূর্বে মেডিকেল প্রোফাইল এর তথ্য সিস্টেমে সময়মত হালনাগাদ না থাকার কারণে সৌদিআরবে হজযাত্রীদের চিকিৎসা প্রদানের সময় নানা রকম সমস্যা হতো। ম্যানুয়াল পদ্ধতিতে মেডিকেল প্রোফাইল এর ফরম পূরণ করে এবং পূরনকৃত ফরম কেন্দ্রীয় পর্যায় থেকে ডাটা এন্ট্রি করতে অনেক সময় লাগতো এবং ত্রুটি বিচ্যুতিও হতো। এতে সৌদি আরবে চিকিৎসা সেবার সময় হজযাত্রীর তথ্য সময়মত পাওয়া যেত না। এছাড়াও হজযাত্রীরা টিকা গ্রহণ এর পর ম্যানুয়াল ভ্যাক্সিনেশন কার্ড পেতেন। এ কারণে কোন হজযাত্রী যদি টিকা গ্রহণ না করতেন তার তথ্য সিস্টেমে পাওয়া যেত না। এছাড়াও ম্যানুয়াল সিস্টেম থাকার কারণে হজযাত্রী কোন দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত কিনা, অচল/অক্ষম কিনা তাও জানা সম্ভব হত না। প্রথমবারের মত এবার ই-হেল্থ প্রোফাইল ও ই-হেল্থ সার্টিফিকেট বাস্তবায়ন হয়েছে এবং শতভাগ সফলভাবে সম্পন্ন হয়েছে। জুলাই/২০১৯ থেকে আগস্ট/২০১৯ পর্যন্ত ই-হেল্থ প্রক্রিয়া বাস্তবায়িত হয়। এর ফলে শতভাগ হজযাত্রী টিকা গ্রহন করেছেন এবং এর ফলে শতভাগ হজযাত্রীর ই-হেল্থ ডাটাবেজ প্রস্তুত হয়েছে। হজযাত্রীরা তাদের মেডিকেল প্রোফাইল এর তথ্য ফরম অনলাইন থেকে ডাউনলোড করেন। হজযাত্রী হেলথ প্রোফাইল প্রিন্ট করে অনুমোদিত স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে আসেন। স্বাস্থ্য | উক্ত উদ্ভাবনী উদ্যোগ ইনোভেশন সংক্রান্ত প্রকাশনায় অন্তর্ভূক্ত করতে হবে এবং এ সংক্রান্ত একটি Writeup প্রস্তুত করতে হবে। শোকেসিংয়ে প্রদর্শনের জন্য একটি Video Documentory প্রস্তুত করতে হবে। |

| ক্রম | কার্যক্রম | আলোচনা/ বাস্তবায়ন | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| | | কেন্দ্রে মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত ইউজার সিস্টেমে প্রদত্ত তথ্যের সঙ্গে স্বাস্থ্যের রিপোর্ট যাচাই করে তা এন্ট্রি করেন। স্বাস্থ্য মন্ত্রণালয়ের ইউজার ফরমের তথ্য নিশ্চিত করার পরই হজযাত্রীদের ইলেক্ট্রনিক হেলথ প্রোফাইল টিকার ডিজিটাল প্রত্যয়নপত্র তৈরি হয় এবং প্রিন্ট করা যায়। | |
| ৩. | কিউ ম্যানেজমেন্ট সিস্টেম | সৌদি আরবে লক্ষাধিক হজযাত্রীর স্বাস্থ্য পরীক্ষা ও চিকিৎসা সেবা প্রদান করতে প্রতিদিন দীর্ঘ লাইন ও অধিক সময়ের প্রয়োজন হত। এর ফলে সম্মানিত হজযাত্রী বিশেষ করে বয়স্ক হজযাত্রীগণ দীর্ঘ সময় লাইনে দাঁড়িয়ে থাকতে অসুবিধা হত এবং অধিক সময় নষ্ট হত। হজ ২০১৯-এ প্রথমবারের মত মক্কা ও মদিনার মেডিক্যাল সেন্টারে কিউ ম্যানেজম্যন্ট সিস্টেম চালু হয়েছে। কিউ ম্যানেজমেন্ট সিস্টেমের চালুর ফলে লক্ষাধিক হজযাত্রীকে সুশৃঙ্খলভাবে লাইনে না দাঁড়িয়ে অল্প সময়ের মধ্যে চিকিৎসা সেবা প্রদান করা হয়। হজযাত্রীদের বিশেষ করে বয়স্ক হাজিদের মেডিকেল সেবা দ্রুত দেয়া সম্ভব হবে। কিউ ম্যানেজম্যান্ট সিস্টেম চালুর ফলে স্বাস্থ্য সেবার মান বৃদ্ধি পায়। মক্কা ও মদিনার স্বাস্থ্য কেন্দ্রে কিউ ম্যানেজমেন্ট সিস্টেম সফলভাবে বাস্তবায়িত হয়েছে। | এ সংক্রান্ত একটি Write up প্রস্তুত করতে হবে। |
| ৪. | Meeting 15 Minutes | Meeting 15 Minutes হল একটি উদ্ভাবনী ধারণা যেখানে প্রতিদিনের নিজের দপ্তরের কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার জন্য প্রতিদিন সর্বোচ্চ ১৫ মিনিটের একটি ছোট কিন্তু কার্যকর সভা করা। সভায় সভাপতি তার দপ্তরের সকল টিম মেম্বারদের নিয়ে প্রতিদিন এই ছোট সভা করতে পারেন যেখানে ৮-১০ মিনিট আজকের কি কি কাজ করনীয় আছে সে বিষয়ে আলোচনা | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থায় Meeting 15 Minutes চালু করার নির্দেশনা প্রদান করতে হবে। |

| ক্রম | কার্যক্রম | আলোচনা/ বাস্তবায়ন | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| | | করতে পারেন। এছাড়াও গতকাল পর্যন্ত কারো কোন কাজ পেন্ডিং কাজ আছে কিনা তা নিয়েও আলোচনা করতে পারেন। সপ্তাহের/মাসের কি কি গুরুত্বপূর্ণ কাজ রয়েছে তা লিস্ট করতে পারেন এবং সে অনুযায়ী প্রতিদিনের কাজ ভাগ করতে পারেন। এছাড়াও টিমের কোন মেম্বার আজ কি কাজ করবেন তা নিয়ে আলোচনা করতে পারেন। শেষ ৫ মিনিট সভাপতি প্রয়োজনীয় সিদ্ধান্ত প্রদান করবেন। Meeting 15 Minutes সভাটি হবে স্ট্যান্ডিং সভা। যেখানে সভাপতি মধ্যখানে দাঁড়াবেন এবং টিম মেম্বারগণ তাকে ঘিরে বৃত্তাকারে দাঁড়াবেন। সভাটি যথাসম্ভব একই স্থানে এবং একই সময়ে করতে হবে। গত ১৯.১২.২০১৯ খ্রি. তারিখে ১৬.০০.০০০০.০০১.৩১.০০১.১৭.২১২৪ নম্বর স্মারকের প্রেক্ষিতে ০১/০১/২০২০ খ্রি. তারিখ হতে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সকল অনুবিভাগ, শাখা ও অধিশাখায় Meeting 15 Minutes চালু হয়। | |

০২। সভাপতি উপরিউক্ত ৪ (চার) টি উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন মূল্যায়নে সন্তোষ প্রকাশ করেন এবং শোকেসিংয়ের বিষয়ে মতামত দেন।

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৬/০৩/2020

(ড. মোয়াজ্জেম হোসেন)
অতিরিক্ত সচিব (উন্নয়ন)
ও
চীফ ইনোভেশন অফিসার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়